



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.২০(অংশ-১)-৪৯৯

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।


সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এর স্মারক নং-০৫.৫০.১০০০.০১০.৪৬.০৯৯.২৪-১৬৫ তারিখ: ২৭/০২/২০২৪ খ্রি।

যেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর আলম, দুপচাঁচিয়া পৌরসভার মেয়র হিসেবে দায়িত্ব পালন করছেন এবং আপনার বিরুদ্ধে হাইকোর্ট বিভাগের আদেশ জালিয়াতির জন্য দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলা ১৪/২৩ (স্পেশাল), জিআর নম্বর ২৬৭/২০১৮ (দুপ:) (৯৭/২১ নাশকতা এসটি) এবং জিআর নম্বর ১৫৯/২০১৭ (দুপ:) (০১/২০ সন্ত্রাস) মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং স্পেশাল ১৪/২৩০৭ নং মামলায় ০৭ মার্চ ২০২৪ খ্রি: তারিখে জেল হাজতে প্রেরণ করা হয়েছে;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে, যা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩২ ধারায় পরিপন্থি; এবং

৩। যেহেতু, তাঁর বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়া স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(খ) অনুযায়ী 'পৌরসভা বা রাষ্ট্রের হানিকর কার্যকলাপে জড়িত থাকার অপরাধে' এর পর্যায়ভুক্ত অপরাধ;

৪। সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(খ) এবং (২) অনুযায়ী জনাব মোঃ জাহাঙ্গীর আলম-কে দুপচাঁচিয়া পৌরসভার মেয়র পদ হতে কেন অপসারণ করা হবে না, এই মর্মে উক্ত আইনের ধারা ৩২(৩) অনুযায়ী আগামী ১০(দশ) কর্মদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

জনাব মোঃ জাহাঙ্গীর আলম
পিতা: মোঃ আফতাব হোসেন
গ্রাম: সি.ও.অফিস রোড,
ডাকঘর: দুপচাঁচিয়া, উপজেলা: দুপচাঁচিয়া,
জেলা: বগুড়া (মেয়র, দুপচাঁচিয়া পৌরসভা, বগুড়া)

অনুলিপি:

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. জেলা প্রশাসক, বগুড়া
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৮. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতা: মোঃ আফতাব হোসেন, গ্রাম: সি.ও.অফিস রোড, ডাকঘর: দুপচাঁচিয়া, উপজেলা: দুপচাঁচিয়া, জেলা: বগুড়া (মেয়র, দুপচাঁচিয়া পৌরসভা)